আমীরে আহলে সুন্নাত হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ ইলইয়াস
আত্তার কাদেরী রযবী এর বিভিন্ন বাণীর সমষ্টি

সাপ্তাহিক পুস্তিকা: ৩০৪
WEEKLY BOOKLET:304

# আমীরে আহলে সুন্নাতের ১৫০টি বাণী

(পর্ব: ০৩)



আল মদীনাতুল ইলমিয়া
Islamic Research Center

اَلۡحَمۡدُ لِلّٰہِ رَبِّ الۡعٰلَمِیۡنَ وَالصَّلٰوۃُ وَالسَّلَامُ عَلٰی خَاتَمِ النَّبِیّٖنَ ط
اَمَّا بَعۡدُ فَاَعُوۡذُ بِاللّٰہِ مِنَ الشَّیۡطٰنِ الرَّجِیۡمِ ط بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ ط

# আমীরে আহলে সুন্নাতের ১৫০টি বাণী

জা'নসীনে আমীরে আহলে সুন্নাতের দোয়া: হে মুস্তফার প্রতিপালক! যে ব্যক্তি **"আমীরে আহলে সুন্নাতের ১৫০টি বাণী"** পুস্তিকাটি পাঠ করে বা শুনে নিবে তাকে আমীরে-আহলে-সুন্নাতের উসিলায় সৎ পথে পরিচালিত করো এবং দ্বীন ও দুনিয়ার অসংখ্য বরকত দান করো। اٰمِین بِجَاہِ خَاتَمِ النَّبِیّٖن صَلَّی اللّٰہُ عَلَیۡہِ وَاٰلِہٖ وَسَلَّم

## দরূদ শরীফের ফযীলত

আমাদের প্রিয় নবী রাসূলে আরবী صَلَّی اللّٰہُ عَلَیۡہِ وَاٰلِہٖ وَسَلَّم ইরশাদ করেন: اِذَا نَسِیۡتُمۡ شَیۡئًا فَصَلُّوۡا عَلَیَّ تَذۡکُرُوۡہُ اِنۡ شَآءَ اللّٰہ অর্থাৎ যখন তোমরা কোন কিছু ভুলে যাও, তখন আমার প্রতি দরূদ শরীফ পাঠ করো اِنۡ شَآءَ اللّٰہ স্মরণে এসে যাবে। (আল কওলুল বদী, ৪২৭ পৃষ্ঠা)

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب! صَلَّی اللّٰہُ عَلٰی مُحَمَّد

## বুযুর্গগণের বাণী সমূহের গুরুত্ব

হযরত লোকমান رَضِیَ اللّٰہُ عَنۡہُ তাঁর ছেলেকে উপদেশ দিতে গিয়ে বলেন: ওলামায়ে কেরামগণের সংস্পর্শে বসাকে নিজের উপর আবশ্যক করে নাও এবং হিকমত সম্পন্ন ব্যক্তিগণের কথাবার্তা শুনো, কারণ আল্লাহ



www.dawateislami.net

পাক মৃত হৃদয়কে হিকমতের আলো দ্বারা এভাবে সতেজ করেন যেভাবে মৃত জমি বৃষ্টির ফোঁটার দ্বারা সতেজ হয়। (মুজামু কবীর, ৮/১৯৯, হাদীসঃ ৭৮১০)

মনে রাখবেন! জ্ঞান ও প্রজ্ঞাপূর্ণ বাণী দ্বারা চিন্তাধারা ও দৃষ্টিভঙ্গির জানালা আলোকিত হওয়ার পাশাপাশি দ্বীনি জ্ঞান অর্জন করার সাওয়াবও অর্জিত হয়।

اَلْحَمْدُ لِلّٰه শায়খে তরীকত, আমীরে আহলে সুন্নাত দা'ওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ ইলইয়াস আত্তার কাদেরী রযবী যিয়ায়ী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه ও পূর্ববর্তী বুযুর্গগণের রীতি-নীতি অনুসরণ করে সহজ সরলভাবে কুরআন ও হাদীসের আলোকে শুধু শরীয়াতের প্রশ্নের উত্তরই প্রদান করেন না বরং মাঝে মাঝে মূল্যবান চিকিৎসা সম্বলিত তথ্যাবলীও প্রদান করে থাকেন, অসংখ্য সমস্যার সমাধান দেন, বিভিন্ন জ্ঞানময় মাদানী ফুলের মাধ্যমে একে আরও অনন্য করে তুলেন এবং দর্শক শ্রোতাদের হৃদয়ে খোদাভীতি ও নবী প্রেমের প্রদীপ প্রজ্জ্বলিত করেন। আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর মজলিশ হলো শিক্ষা ও উপদেশের ভান্ডার এবং পথ হারাদের জন্য সঠিক পথের দিশা। আসুন বিভিন্ন বিষয় সংক্রান্ত তাঁর মহামূল্যবান বাণী সমূহ লক্ষ্য করিঃ



www.dawateislami.net

# আমীরে আহলে সুন্নাতের ১৫০টি বাণী

(১) ইসলাম নিরাপত্তা ও শান্তির বার্তা দেয়। (১৭ শাওয়াল ১৪৩৫ হিঃ, ১৪ আগস্ট ২০১৪)

(২) আপনি যদি কিছু করতে চান তবে সেটাকে গুরুত্ব সহকারে নিতে হবে। মানুষ যখন গুরুত্বের সাথে কোন কাজ করে তখন সে কাঙ্খিত গন্তব্যে পৌঁছে যায়। (২০ শাওয়াল ১৪৩৫ হিঃ, ১৬ আগস্ট ২০১৪)

(৩) নিজের আয়ের উপর সন্তুষ্ট থাকতে শিখুন।

(১৭ যিলকদ ১৪৩৫ হিঃ, ৩০ আগস্ট ২০১৪)

(৪) অনর্থক কথাবার্তা এজন্য পরিহার করুন যাতে অনর্থক কথা বলতে বলতে গুনাহে ভরা কথাবার্তায় লিপ্ত হয়ে না যান।

(৪ যিলকদ ১৪৩৫ হিঃ, ৩০ আগস্ট ২০১৪)

(৫) যে মুরীদের মাঝে ধর্মীয় গুণাবলী যতো বেশি, পীর সেই মুরীদকে ততো বেশি ভালোবাসেন। (১৮ যিলকদ ১৪৩৫ হিঃ, ১৩ সেপ্টেম্বর ২০১৪)

(৬) পিতামাতা তাদের সন্তানদের সামনে এটি প্রকাশ করবেন না যে, আমি আমার অমুক পুত্র অথবা অমুক কন্যাকে বেশি ভালোবাসি। না হয় অন্যান্য সন্তানরা হীনমন্যতার শিকার হবে এবং এটি তাদের জন্য ধ্বংসের কারণ হয়ে দাঁড়াবে। (১৮ যিলকদ ১৪৩৫ হিঃ, ১৩ সেপ্টেম্বর ২০১৪)

(৭) সোশ্যাল মিডিয়ায় নিজের অ্যাকাউন্টে নিজের ছবি আপলোড করা আমি পছন্দ করি না, নিজের ছবি গুলো ডিলেট করে সুখ্যাতির লালসাকে নির্মূল করার চেষ্টা করুন। (১৮ যিলকদ ১৪৩৫ হিঃ, ১৩ সেপ্টেম্বর ২০১৪)

(৮) নেকীর কাজ করার দ্বারা শয়তান যতো বেশি কুমন্ত্রণা দিবে, ততো বেশি সাহসীকতার সাথে নেকীর কাজ করা উচিত।



www.dawateislami.net

(১৮ যিলকদ ১৪৩৫ হিঃ, ১৩ সেপ্টেম্বর ২০১৪)

(৯) শিশুদেরকে পশুপাখির সাথে সদাচরণের মানসিকতা প্রদান করা উচিত। (৩০ যিলকদ ১৪৩৫ হিঃ, ২৫ সেপ্টেম্বর ২০১৪)

(১০) নিজের নেক আমলের প্রতি সন্তুষ্ট হওয়ার উচিত নয় বরং আল্লাহ পাকের গোপন ব্যবস্থাপনাকে ভয় করা উচিত।

(৩০ যিলকদ ১৪৩৫ হিঃ, ২৫ সেপ্টেম্বর ২০১৪)

(১১) পীরের দয়ার দৃষ্টি অর্জন করার জন্য পীরের আনুগত্য করুন।

(৩০ যিলকদ ১৪৩৫ হিঃ, ২৫ সেপ্টেম্বর ২০১৪)

(১২) কিতাব রচনা করা কোন সহজ কাজ নয়, যারা যোগ্য তাদের এটি করা উচিত। (১ যিলহজ্ব ১৪৩৫ হিঃ, ২৬ সেপ্টেম্বর ২০১৪)

(১৩) ভালো বন্ধু চেনার জন্য তার সাথে ভ্রমণ করুন বা কোন লেনদেন যেমন, ক্রয়-বিক্রয় ইত্যাদি কোন কাজ করুন।

(১ যিলহজ্ব ১৪৩৫ হিঃ, ২৬ সেপ্টেম্বর ২০১৪)

(১৪) আমরা যতক্ষণ পর্যন্ত মুখ থেকে "শব্দ" বের করি না ততক্ষণ পর্যন্ত সেটি আমাদের মালিকাধীন পক্ষান্তরে যখন বের করে ফেলি তখন সেটি অন্যের হয়ে গেলো, এখন সে যা ইচ্ছা করবে।

(৩ যিলহজ্ব ১৪৩৫ হিঃ, ২৮ সেপ্টেম্বর ২০১৪)

(১৫) সাহাবায়ে কেরাম তাদের সন্তান সন্ততিদের সাহসিকতার প্রশিক্ষণ দিতেন। আমাদের শিশুরাও সিংহের ন্যায় সাহসী হওয়া উচিত।

(৪ যিলহজ্ব ১৪৩৫ হিঃ, ২৯ সেপ্টেম্বর ২০১৪)

(১৬) সবাই মিলে দেশ গড়ার কাজে এবং মসজিদ ভরা সংগঠন করতে আমাদের সহায়তা করুন, আমাদের সন্তানেরা নামাযী হয়ে গেলে দেশও প্রগতিশীল হয়ে উঠবে। (৫ যিলহজ্ব ১৪৩৫ হিঃ, ৩০ সেপ্টেম্বর ২০১৪)

(১৭) সুন্নাতের মধ্যে সম্মান রয়েছে। (১০ যিলহজ্ব ১৪৩৫ হিঃ, ৫ অক্টোবর ২০১৪)



www.dawateislami.net

(১৮) সমাজের ভুল রীতিনীতিতে যোগ দেওয়া পুরুষত্ব নয় বরং প্রকৃত পুরুষ তো সেই যে, সমাজকে তার পেছনে পরিচালিত করে।

(১১ যিলহজ্জ ১৪৩৫ হিঃ, ৬ অক্টোবর ২০১৪)

(১৯) অল্পতুষ্টতা অবলম্বন করুন, আর যদি একদিনের খাবার বেঁচে যায় তাহলে ফেলে দেওয়ার পরিবর্তে পরবর্তী দিন খেয়ে নিন।

(১৬ যিলহজ্জ ১৪৩৫ হিঃ, ১১ অক্টোবর ২০১৪)

(২০) বুযুর্গগণের সাথে সম্পর্কিত প্রতিটি বস্তুই “তাবাররুক”।

(১৬ যিলহজ্জ ১৪৩৫ হিঃ, ১১ অক্টোবর ২০১৪)

(২১) পিতামাতা থেকে সেবা গ্রহণ করার পরিবর্তে তাদের সেবা করুন।

(১৬ যিলহজ্জ ১৪৩৫ হিঃ, ১১ অক্টোবর ২০১৪)

(২২) ক্ষমা চাইলে সম্মান ডাউন (হ্রাস) হওয়ার পরিবর্তে আপ (বৃদ্ধি পায়) হয়। (২৩ যিলহজ্জ ১৪৩৫ হিঃ, ১৮ অক্টোবর ২০১৪)

(২৩) অহেতুক কাজ পরিহার করুন যাতে গুনাহে লিপ্ত হয়ে না যান।

(২৩ যিলহজ্জ ১৪৩৫ হিঃ, ১৮ অক্টোবর ২০১৪)

(২৪) কাউকে বশীভূত করা আমাদের কাজ নয়, আমাদের কাজ হচ্ছে বুঝানো। (২৩ যিলহজ্জ ১৪৩৫ হিঃ, ১৮ অক্টোবর ২০১৪)

(২৫) নিজের নেকীর প্রতি ভরসা না করে বরং আল্লাহ পাকের দয়ার প্রতি দৃষ্টি রাখুন। (২৩ যিলহজ্জ ১৪৩৫ হিঃ, ১৮ অক্টোবর ২০১৪)

(২৬) মিলেমিশে খাওয়ার সময় এমন কোন পন্থা অবলম্বন করবেন না যা অন্যের নিকট অপছন্দনীয়। শালীনতা বজায় রাখুন।

(২৪ যিলহজ্জ ১৪৩৫ হিঃ, ১৯ অক্টোবর ২০১৪)

(২৭) রঙ কথাবার্তার মাধ্যমে কম ছড়ায় এবং সাহচর্যের মাধ্যমে বেশি ছড়ায়। (২৫ যিলহজ্জ ১৪৩৫ হিঃ, ২০ অক্টোবর ২০১৪)

(২৮) একনিষ্ঠ ব্যক্তি হাজারো পর্দার আড়ালে লুকিয়ে নেক কাজ করুক না কেন, আল্লাহ পাক তাকে জনসম্মুখে প্রসিদ্ধ করে দেন।

(২৫ যিলহজ্জ ১৪৩৫ হিঃ, ২০ অক্টোবর ২০১৪)



www.dawateislami.net

(২৯) খোদাভীরুতার একটি অন্যতম লক্ষণ হলো, বান্দা সর্বাবস্থায় আল্লাহ পাকের অবাধ্যতা থেকে বেঁচে থাকবে।

(২৫ যিলহজ্ব ১৪৩৫ হিঃ, ২০ অক্টোবর ২০১৪)

(৩০) মিশুক প্রকৃতির লোকদেরকে মানুষ ভালোবাসে।

(২৫ যিলহজ্ব ১৪৩৫ হিঃ, ২০ অক্টোবর ২০১৪)

(৩১) কুরবানীর ঈদ হোক বা রমযানের ঈদ, উভয় ক্ষেত্রে আমাদের উচিত সর্তকতা অবলম্বন করে অল্প আহার করা।

(১ মহররম ১৪৩৬ হিঃ, ২৫ অক্টোবর ২০১৪)

(৩২) আমার অভিজ্ঞতার আলোকে বলছি, বর্তমানে মুসলমানদের অধিকাংশই সঠিকভাবে নামায পড়তে জানে না, না তাদের মাখরাজ বিশুদ্ধ, না তারা নামাযের রুকন সঠিকভাবে আদায় করে।

(১ মহররম ১৪৩৬ হিঃ, ২৫ অক্টোবর ২০১৪)

(৩৩) আমাদের সকল কাজ আল্লাহ পাকের সন্তুষ্টি অর্জনের জন্য হওয়া চাই। (১ মহররম ১৪৩৬ হিঃ, ২৫ অক্টোবর ২০১৪)

(৩৪) আমাদের জীবনের মূল উদ্দেশ্য হলো আল্লাহ পাক ও তাঁর রাসূলের সন্তুষ্টি লাভ করা অথচ তা না করে আমরা মানুষকে সন্তুষ্ট করতে গিয়ে লাঞ্চিত হচ্ছি। (১ মহররম ১৪৩৬ হিঃ, ২৫ অক্টোবর ২০১৪)

(৩৫) মালিকগণ নিজেদের যানবাহনে লিখে দিন: এই গাড়িতে গান-বাজনা ও সিনেমা ইত্যাদি দেখানো হয় না। সুতরাং যাত্রীরা জোর করবেন না। (৩ মহররম ১৪৩৬ হিঃ, ২৭ অক্টোবর ২০১৪)

(৩৬) হালাল জীবিকা উপার্জনের জন্য এমন ব্যবসা করুন, যাতে দ্বীনের খেদমতও করতে পারেন। (৩ মহররম ১৪৩৬ হিঃ, ২৭ অক্টোবর ২০১৪)

(৩৭) অপকর্ম থেকে বাঁচার চেতনাই অপকর্ম থেকে বাঁচার অন্যতম মাধ্যম। (৪ মহররম ১৪৩৬ হিঃ, ২৮ অক্টোবর ২০১৪)


www.dawateislami.net

(৩৮) ইমাম হলো সমাজের সম্মানিত ব্যক্তিত্ব, সুতরাং তাদের সম্মান করুন। তাদের সার্বিক সহযোগিতা করুন, তবে মুসাফাহা করার সময় হাতে টাকা দেবেন না বরং একটি খামে রেখে ব্যক্তিগত ভাবে প্রদান করুন। **(৫ মহররম ১৪৩৬ হিঃ, ২৯ অক্টোবর ২০১৪)**

(৩৯) মসজিদের খাদেম সমাজের সবচেয়ে নির্যাতিত ব্যক্তি, তাকেও আর্থিকভাবে সহযোগিতা করুন। **(৫ মহররম ১৪৩৬ যিলকদ, ২৯ অক্টোবর ২০১৪)**

(৪০) দোকান ইত্যাদির নাম কোন পবিত্র নামে রাখা উচিত নয় কারণ সেগুলোর অবমাননা হতে পারে, যেমন, গাউছিয়া টেইলার্স ইত্যাদি, বরং দুনিয়াবী নাম রাখা উচিত। **(৫ মহররম ১৪৩৬ হিঃ, ২৯ অক্টোবর ২০১৪)**

(৪১) আফসোস! বর্তমানে উদাসীনতার সময়কাল চলছে, মানুষ ভীতিকর অবস্থা সমূহ যেমন মুষলধারে বৃষ্টি ও বজ্রপাত হওয়া ইত্যাদি দেখে তাওবা ও ইস্তেগফার করার পরিবর্তে লাফালাফি শুরু করে ও আনন্দ উল্লাসে মেতে ওঠে। **(৫ মহররম ১৪৩৬ হিঃ, ২৯ অক্টোবর ২০১৪)**

(৪২) গুনাহ পরিহার করতে গুনাহের কারণসমূহ নির্মূল করতে হবে। **(৬ মহররম ১৪৩৬ হিঃ, ৩০ অক্টোবর ২০১৪)**

(৪৩) আল্লাহ পাকের অবাধ্য হওয়া একজন মুসলমানের কাজ নয় এটি শয়তানের কাজ। **(৭ মহররম ১৪৩৬ হিঃ, ৩১ অক্টোবর ২০১৪)**

(৪৪) মুসলমানরা নেকীর দাওয়াত নিয়মিত দিতে থাকলে লজ্জা ও সংকোচ দূর হয়ে যাবে। **(৭ মহররম ১৪৩৬ হিঃ, ৩১ অক্টোবর ২০১৪)**

(৪৫) যে কথাবার্তার কারণে গুনাহের দরজা খুলে যায় সেই কথাবার্তা থেকে বিরত থাকুন। **(৮ মহররম ১৪৩৬ হিঃ, ১ নভেম্বর ২০১৪)**

(৪৬) কবরস্থানে যেতে থাকুন কারণ সেখান থেকে শিক্ষা অর্জন হবে। **(৮ মহররম ১৪৩৬ হিঃ, ১ নভেম্বর ২০১৪)**

(৪৭) যদি (চিকিৎসকের) চিকিৎসা কার্যকর না হয় তবে চিকিৎসককে গালিগালাজ করবেন না কারণ রোগ নিরাময়কারী একমাত্র আল্লাহ পাক। (৯ মহররম ১৪৩৬ হিঃ, ২ নভেম্বর ২০১৪)

(৪৮) যে সমস্ত বস্তু হারামাইনে তায়্যিবাইন তথা মক্কা ও মদীনা এবং বুযুর্গগণের সাথে সম্পর্কিত হয়ে যায় সেগুলোর জন্য শরীয়াতের সীমার ভেতর থেকে সর্বোত্তম শব্দাবলী ব্যবহার করুন।

(৯ মহররম ১৪৩৬ হিঃ, ২ নভেম্বর ২০১৪)

(৪৯) ঐ সকল কথাবার্তা ও কার্যাবলী পরিহার করুন যার মাধ্যমে কোন মুসলমানের অন্তরে কষ্ট পেতে পারে। (১০ মহররম ১৪৩৬ হিঃ, ২ নভেম্বর ২০১৪)

(৫০) প্রত্যেক ব্যক্তির উচিত আলেম হওয়ার সর্বাত্মক চেষ্টা করা, কারণ আলেম হওয়া মহান সৌভাগ্যের বিষয়।

(১৮ রবিউস সানী ১৪৩৬ হিঃ, ৭ ফেব্রুয়ারী ২০১৪)

(৫১) শিক্ষক ও কিতাবের বেশি পরিমাণে সম্মান করতে হবে, اِنْ شَآءَ الله প্রকৃত জ্ঞান অর্জিত হবে। (১১ মহররম ১৪৩৬ হিঃ, ৪ নভেম্বর ২০১৪)

(৫২) মসজিদের ইমাম যদি মিশুক প্রকৃতির ও সৎ চরিত্রবান হয় তাহলে সে দ্বীনের অনেক খেদমত করতে পারবে। এমন মসজিদের ইমাম এলাকার মুকুটহীন সম্রাট হয়ে থাকে। (১১ মহররম ১৪৩৬ হিঃ, ৪ নভেম্বর ২০১৪)

(৫৩) কোন মুসলমানের অপর মুসলমানের ব্যাপারে মন্দ ধারণা পোষণ করা উচিত নয়। (১১ মহররম ১৪৩৬ হিঃ, ৩ নভেম্বর ২০১৪)

(৫৪) যদি ছাত্রদের চরিত্র ঠিক হয় এবং তারা প্রকৃত অর্থে সিরিয়াস হয়ে যায় তাহলে তারা দ্বীনের বিশাল খেদমত করতে পারবে।

(১৫ মহররম ১৪৩৬ হিঃ, ৮ নভেম্বর ২০১৪ বিশেষ)

(৫৫) ধর্মীয় কিতাব যথাসম্ভব কম মূল্যে বিক্রি করা উচিত যাতে মানুষ বেশি পরিমাণে উপকৃত হয়, এটি ধর্মীয় নৈতিকতার দাবী। (১৬ মহররম ১৪৩৬ হিঃ, ৯ নভেম্বর ২০১৪)

(৫৬) দাঁড়ি ও পাগড়ী এমন নেয়ামত, যা একজন ব্যক্তির মধ্যে বিদ্যমান অপকর্ম দূর করে। (২১ মহররম ১৪৩৬ হিঃ, ১৫ নভেম্বর ২০১৪)

(৫৭) মোটর সাইকেলে ত্রিপল আরোহী তথা তিনজন বসা আইনগত ও চারিত্রিক অপরাধ এবং জীবনের জন্য বিপজ্জনক। (২১ মহররম ১৪৩৬ হিঃ, ১৫ নভেম্বর ২০১৪)

(৫৮) পিতা-মাতার চিকিৎসা পেট কেটে (অর্থাৎ কম খেয়ে হলেও) করা উচিত। (২১ মহররম ১৪৩৬ হিঃ, ১৫ নভেম্বর ২০১৪)

(৫৯) যে নেক কাজ করতে চায়, তাকে অবশ্যই সিরিয়াস হতে হবে, শুধু আগ্রহ প্রকাশই যথেষ্ট নয়। (২৯ মহররম ১৪৩৬ হিঃ, ২২ নভেম্বর ২০১৪)

(৬০) যখন কেউ স্বাস্থ্য সম্পর্কে জিজ্ঞেস করে, উত্তরে اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِیْنَ বলা উচিত এবং ছোট শিশুদের ও এটি শেখানো উচিত। (৭ সফর ১৪৩৬ হিঃ, ২৯ নভেম্বর ২০১৪)

(৬১) আমার শৈশবকাল থেকেই জামাআতে নামায আদায় করার প্রবল আগ্রহ ছিলো। (৭ সফর ১৪৩৬ হিঃ. ২৯ নভেম্বর ২০১৪)

(৬২) চুপ থাকার ইহকালীন ও পরকালীন অসংখ্য উপকারীতা রয়েছে। (৭ সফর ১৪৩৬ হিঃ, ২৯ নভেম্বর ২০১৪)

(৬৩) ভালো নিয়্যত সহকারে মাদানী চ্যানেল দেখাও ইবাদত, কারণ এটি একটি ১০০% ধর্মীয় চ্যানেল। (৭ সফর ১৪৩৬ হিঃ, ২৯ নভেম্বর ২০১৪)

(৬৪) হযরত আয়েশা সিদ্দীকা رَضِیَ اللّٰهُ عَنْهَا 'র সম্মান ও মর্যাদা তারকারাজি এবং ধূলিকণার চেয়েও বেশি। (১৬ সফর ১৪৩৬ হিঃ, ৬ ডিসেম্বর ২০১৪)



www.dawateislami.net

(৬৫) দারিদ্র্যতার কারণ সমূহের মধ্যে একটি হলো, পিতামাতাকে নাম ধরে ডাকা। (১৬ সফর ১৪৩৬ হিঃ, ৬ ডিসেম্বর ২০১৪)

(৬৬) সম্বোধনকারীর সাথে তার অবস্থান ও পদমর্যাদা অনুযায়ী উত্তম শব্দাবলীর মাধ্যমে কথাবার্তা বলুন। (১৬ সফর ১৪৩৬ হিঃ, ৬ ডিসেম্বর ২০১৪)

(৬৭) প্রকৃত নেককার ব্যক্তি সেই, যে মহান আল্লাহ পাকের নিকটও নেককার, শুধু প্রসিদ্ধ হওয়া যথেষ্ট নয়। (২১ সফর ১৪৩৬ হিঃ, ১৩ ডিসেম্বর ২০১৪)

(৬৮) দাওয়াতে-ইসলামী একটি আমল ভিত্তিক সংগঠন, আনুষ্ঠানিকতা ভিত্তিক নয়। (২১ সফর ১৪৩৬ হিঃ, ১৩ ডিসেম্বর ২০১৪)

(৬৯) যশখ্যাতির মধ্যেও পরীক্ষা আছে। (২১ সফর ১৪৩৬ হিঃ, ১৩ ডিসেম্বর ২০১৪)

(৭০) প্রত্যেককে তার মন-মানসিকতা অনুযায়ী নেকীর দাওয়াত দিতে হবে। (২৮ সফর ১৪৩৬ হিঃ, ২০ ডিসেম্বর ২০১৪)

(৭১) হায়! এমন যদি হয়ে যায় যে, আমরা যখন কথা বলতে চাই তখন আমাদের একটু শিথিল হওয়া উচিত, চিন্তা করা উচিত তারপর কথা বলা উচিত। (২৮ সফর ১৪৩৬ হিঃ, ২০ ডিসেম্বর ২০১৪)

(৭২) কোনো মুসলমানকে নিয়ে উপহাস করা উচিত নয়। (২৮ সফর ১৪৩৬ হিঃ, ২০ ডিসেম্বর ২০১৪)

(৭৩) হাফেয সাহেবগণের উচিত সারা বছর কুরআন শরীফ তিলাওয়াত করতে থাকা, যেন মনযিল পরিপক্ক থাকে। (২৮ সফর ১৪৩৬ হিঃ, ২০ ডিসেম্বর ২০১৪)

(৭৪) যথাসম্ভব এমন ফ্লাইট অথবা বাসে সফর করুন যাতে কোন নামাযের সময় না আসে। (২৮ সফর ১৪৩৬ হিঃ, ২০ ডিসেম্বর ২০১৪)

(৭৫) নিজের সন্তানদের বাহাদুর বানান, দা'ওয়াতে ইসলামীর পুস্তিকা পড়ান। ভূত, পরীর গল্প পড়া থেকে বিরত রাখুন। (২ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২৪ ডিসেম্বর ২০১৪)



www.dawateislami.net

(৭৬) লোকেরা সাধারণত বলে যে, আল্লাহ এটা বলেছেন, এটি কুরআনে রয়েছে, যা অনেক বড় ভুল পন্থা, যতক্ষণ না আপনি ১০০% নিশ্চিত হবেন বা কোন মুফতি বা গ্রহণযোগ্য আলেম থেকে সত্যায়ন করিয়ে নিবেন ততক্ষণ পর্যন্ত নিজের পক্ষ থেকে এরকম কিছু বলবেন না। **(২ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২৪ ডিসেম্বর ২০১৪)**

(৭৭) মুমিন ব্যক্তি নম্র স্বভাবের ও মৃদুভাষী হয়ে থাকে।

**(৪ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২৬ ডিসেম্বর ২০১৪)**

(৭৮) নম্র প্রকৃতির লোকদেরকে মানুষ ভালোবাসে।

**(৪ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২৬ ডিসেম্বর ২০১৪)**

(৭৯) বাতিনকে আলোকিত ও নবায়ন করার জন্য সত্যিকারের তাওবা করুন। **(৫ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২৭ ডিসেম্বর ২০১৪)**

(৮০) ইচ্ছাকৃত ভাবে নামায বর্জন করায় অন্তর কলুষিত হয়ে যায়।

**(৫ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২৭ ডিসেম্বর ২০১৪)**

(৮১) মুসলমানরা যেখানেই থাকুক না কেন, ইসলামের নীতিতে আবদ্ধ।

**(৫ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২৭ ডিসেম্বর ২০১৪)**

(৮২) জুলুসে মিলাদের তাবাররুক মানুষের দিকে ছুঁড়ে না মেরে হাতে হাতে দিন। **(৫ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২৭ ডিসেম্বর ২০১৪)**

(৮৩) জুলুসে মিলাদে এমন গাম্ভীর্য ও আদবের সাথে অংশ গ্রহণ করুন যাতে অমুসলিমরা দেখলে মুসলমান হয়ে যায়।

**(৫ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২৭ ডিসেম্বর ২০১৪)**

(৮৪) প্রকৃত হাফেযে কুরআন সেই, যে কুরআনের নির্দেশ মেনে তার উপর আমল করে। **(৬ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২৮ ডিসেম্বর ২০১৪)**

(৮৫) মোবাইল ফোনের অপকারীতা তার উপকারীতার তুলনায় অনেক গুণ বেশি। **(৮ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ৩০ ডিসেম্বর ২০১৪)**

(৮৬) প্রতিদিন আমলের পর্যেবক্ষণ করা উচিত কারণ জীবনের একটি মূল্যবান দিন কেটে গিয়েছে। (৯ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ৩১ ডিসেম্বর ২০১৪)

(৮৭) পৃথিবীর ইতিহাস অধ্যয়নের দ্বারা এই বিষয়টি জানা যায় যে, "বিপ্লব" সর্বদা একজন ব্যক্তিই আনে। অবশিষ্ট সকল লোকেরা তার সহযোগী হয়। (১০ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ১ জানুয়ারী ২০১৫)

(৮৮) সাজসজ্জা ও বুযুর্গানে দ্বীনগণের নামে তাবাররুকের ব্যবস্থা করা সুন্নীদের ঐতিহ্য। (১০ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ১ জানুয়ারী ২০১৫)

(৮৯) যা আমাদের হাতে আছে তা তো কেউ কেড়ে নিতে পারে, কিন্তু যা আমাদের ভাগ্যে আছে তা কেউ কেড়ে নিতে পারবে না।

(১১ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২ জানুয়ারী ২০১৫)

(৯০) মসজিদ সমূহকে জনবহুল করার উপায় হলো, যখনই নামায আদায় করতে যাবেন, কোনো নতুন একজনকে একক প্রচেষ্টার মাধ্যমে সাথে নিয়ে যান। মসজিদে ফয়যানে-সুন্নাতের দরস চালু করুন। মসজিদের মন বসান এবং সেখানে বসে যিকির করতে থাকুন।

(১১ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২ জানুয়ারী ২০১৫)

(৯১) অন্তরকে সাগরের মতো প্রশস্ত করা উচিৎ, যার অন্তর বার বার আঘাত পেতে থাকে, সে দ্বীনের তো দূরের কথা দুনিয়ার কোন কাজও করতে পারে না। তার বন্ধুও খুবই অল্প পরিমাণে হয়ে থাকে। (১১ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২ জানুয়ারী ২০১৫)

(৯২) যদি সফল হতে চাও, তাহলে অন্তরে নবী প্রেমের প্রদীপ প্রজ্বলিত করো। (১১ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২ জানুয়ারী ২০১৫)

(৯৩) বিশ্বস্ত ও খোদাভীরু ডাক্তারের কাছ থেকে চিকিৎসা নিন।

(১১ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ২ জানুয়ারী ২০১৫)

(৯৪) নেক আমলের প্রকৃত অনুসারীদের হাজারো মানুষের ভীড়েও চেনা যায়। (১২ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ৩ জানুয়ারী ২০১৫)

(৯৫) দ্বীনের নীতিমালার উপর আমল করলে সেই সম্মান অর্জন হবে যা মন্ত্রী বরং রাষ্ট্রপতিরও ঈর্ষা হবে। (১২ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ৩ জানুয়ারী ২০১৫)

(৯৬) কখনো কখনো সৎ লোকদের পাশে বসার দ্বারা ভাগ্য পরিবর্তন হয়ে যায়। (১৭ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ৮ জানুয়ারী ২০১৫)

(৯৭) মাদানী মুযাকারা জ্ঞানের ভান্ডার।

(১৭ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ৮ জানুয়ারী ২০১৫)

(৯৮) ইলমে দ্বীন অর্জন একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ইবাদত।

(১৭ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ৮ জানুয়ারী ২০১৫)

(৯৯) মাদানী মুন্নী তথা ছোট মেয়েদেরকেও মাঝে মাঝে মাদানী বোরকা পরানো উচিত যাতে বড় হওয়ার পূর্বেই পর্দা করার মানসিকতা তৈরি হয়। (১৯ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ১০ জানুয়ারী ২০১৫)

(১০০) একজন মুসলমানের ব্যাপারে **“সে ধ্বংস হয়ে গেছে”** বলার পরিবর্তে এটা বলা উচিত **“সে ইন্তেকাল করেছে”**।

(১৯ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ১০ জানুয়ারী ২০১৫)

(১০১) যদি ইমাম ও মুয়াজ্জিন মিশুক প্রকৃতির ও মিষ্টভাষী হয়, তবে জনগণ সদা সর্বদা তাদের সঙ্গ দিবে।

(১৯ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ১০ জানুয়ারী ২০১৫)

(১০২) ইমাম ও মুয়াজ্জিনকে নিজেদের অভাবের সময় অনাহারে থাকা উচিত কিন্তু কোন ধনী ব্যক্তির সামনে হাত প্রসারিত করা উচিত নয়। (১৯ রবিউল আউয়াল ১৪৩৬ হিঃ, ১০ জানুয়ারী ২০১৫)

(১০৩) নিজ অন্তরে নবী প্রেমের প্রদীপ প্রজ্বলিত করুন, ইহকাল ও পরকাল সফল হবে। (২ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২২ জানুয়ারী ২০১৫)

(১০৪) আলা হযরত ইমাম আহমদ রযা খাঁন رَحْمَةُ اللهِ عَلَيْه 'র বাণীই আমাদের জন্য চূড়ান্ত বাণী। (২ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২২ জানুয়ারী ২০১৫)

(১০৫) গুনাহের শাস্তি সম্পর্কে অবহিত হলে সেগুলো থেকে বাঁচার মানসিকতা সৃষ্টি হবে। (৪ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৪ জানুয়ারী ২০১৫)

(১০৬) বান্দা কিভাবে এমন করুণাময় প্রতিপালকের অবাধ্য হতে পারে? যিনি অসংখ্য নেয়ামত দ্বারা ধন্য করেছেন।

(৪ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৪ জানুয়ারী ২০১৫)

(১০৭) সাধারণত ধমক ও গালিগালাজ কারী মালিকের সাথে কর্মচারীর সম্পর্ক বিশ্বাস যোগ্য হয় না। (৪ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৪ জানুয়ারী ২০১৫)

(১০৮) মিষ্টিভাষায় এমন মুগ্ধতা (জাদু) আছে যা বিদ্রোহী (অবাধ্য) ব্যক্তিও বাধ্য হয়ে যায়। (৪ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৪ জানুয়ারী ২০১৫)

(১০৯) তিক্ত ভাষা এমন বিষাক্ত যে, সন্তানরাও অবাধ্য হয়ে যায়।

(৪ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৪ জানুয়ারী ২০১৫)

(১১০) শরিয়তের অনুমতি ছাড়া কাউকে কষ্ট প্রদানের উদ্দেশ্যে তীক্ষ্ণ দৃষ্টিতে তাকানোও গুনাহ। (৪ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৪ জানুয়ারী ২০১৫)

(১১১) যদি প্রকৃত মনোবল থাকে তবে সফলতা পদ চুম্বন করবে।

(৪ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৪ জানুয়ারী ২০১৫)

(১১২) যখন কোন কাজের ব্যাপারে জিজ্ঞাসাবাদ করা না হয় তবে সেই কাজটি প্রথমে শীতল তারপর বিলুপ্ত হয়ে যায়।

(৪ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৪ জানুয়ারী ২০১৫)

(১১৩) আপনি যদি কারো সংশোধনের চেষ্টা করেন আর সে সুন্নাত পালনকারী হয়ে যায়, তবে আপনি যেন তার ভবিষ্যত প্রজন্মকে সংশোধন করে দিলেন। (৪ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৪ জানুয়ারী ২০১৫)

(১১৪) মাদানী চ্যানেলের দ্বারা পরিপূর্ণ উপকারীতা লাভ করুন এবং সেটা দেখার দাওয়াত প্রদান করুন। (৪ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৪ জানুয়ারী ২০১৫)

(১১৫) ওরস উদযাপনের মূল উদ্দেশ্য হলো যাদের ওরস পালিত হচ্ছে তাদের পদাঙ্ক অনুসরণ করা। (৫ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৫ জানুয়ারী ২০১৫)

(১১৬) যে রকম খাবারের প্রতি লোভ করা হয়, নামায ও নেক আমলের প্রতি তার চেয়ে বেশি লোভ করা উচিত।

(৫ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৫ জানুয়ারী ২০১৫)

(১১৭) শৈশবকাল থেকেই শিশুদেরকে অতিরিক্ত খাবার আহার এবং দামী দামী পোশাক পরিধান করার প্রতি অনিহা সৃষ্টি করুন।

(৫ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৫ জানুয়ারী ২০১৫)

(১১৮) ভালো নিয়্যত থাকলে, তবে দ্বীনের ক্ষতি হলে অন্তরে আগুন জ্বালানোই সওয়াবের কাজ। (৫ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৫ জানুয়ারী ২০১৫)

(১১৯) বিবাহের অনুষ্ঠানেও শরীয়াতের বিধি-বিধানের অনুসরণ করা উচিত। শরীয়াত পরিপন্থী রীতিনীতির ক্ষেত্রে আত্মীয়-স্বজনের কথাও মানা যাবে না কারণ আত্মীয় স্বজন আপনাকে জান্নাতেও প্রবেশ করাতে পারবে না এবং জাহান্নামেও নিক্ষেপ করতে পারবে না। (৫ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৫ জানুয়ারী ২০১৫)

(১২০) মুফতিগণের খুবই জ্ঞানী হয়ে থাকেন।

(৬ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৬ জানুয়ারী ২০১৫)

(১২১) নাম ধরে ডাকা সুন্নাত। (৬ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৬ জানুয়ারী ২০১৫) নেককার লোকদের নিকট সমাহিত হওয়া একটি (মহান) সৌভাগ্য।

(৭ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৭ জানুয়ারী ২০১৫)

(১২২) সে বড়ই হতভাগা, যার উপর সংশোধনকারীদের দরজা বন্ধ।

(৭ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৭ জানুয়ারী ২০১৫)



www.dawateislami.net

(১২৩) এই মানসিকতা সৃষ্টি করুন যে, কেউ আমাকে আঘাত করুক বা ধাক্কা দিক আমি দা'ওয়াতে ইসলামীর দ্বীনি পরিবেশ ত্যাগ করব না, বরং দা'ওয়াতে ইসলামীকে এমনভাবে আঁকড়ে ধরুন যেন কেউ টুকরো টুকরো করলেও আলাদা করতে না পারে।

(৭ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৭ জানুয়ারী ২০১৫)

(১২৪) বুযুর্গানে দ্বীনের দয়া পেতে হলে তাদের জীবনী অনুসরণ করুন। اِنْ شَآءَاللّٰه এত দয়া পাবেন যে, অন্যদের মাঝেও বিতরণ করবেন।

(৮ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৮ জানুয়ারী ২০১৫)

(১২৫) কেউ যতই অপ্রীতিকর ভঙ্গিমায় প্রশ্ন করুক না কেন, আমাদেরকে সহনশীলতা ও সহিষ্ণুতার সাথে সেটার উত্তর উত্তম পদ্ধতিতে দেওয়া উচিত। (৮ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৮ জানুয়ারী ২০১৫)

(১২৬) কোনো গুনাহের মাঝে শান্তি পাওয়া যায় না।

(৮ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৮ জানুয়ারী ২০১৫)

(১২৭) হারাম সম্পদে বরকত হয় না, সেটা কোনো না কোনোভাবে হাত থেকে চলে যায়। (৮ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৮ জানুয়ারী ২০১৫)

(১২৮) যশ খ্যাতির লালসা মারাত্মক বিপদ। এতে দুনিয়া ও আখেরাতের ধ্বংস রয়েছে। (৮ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৮ জানুয়ারী ২০১৫)

(১২৯) আমাদেরকে আল্লাহ পাকের জন্য বাঁচা এবং তাঁরই জন্য মৃত্যুবরণ করতে হবে। (৮ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৮ জানুয়ারী ২০১৫)

(১৩০) জুলুম পরকালের অন্ধকার। (৮ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৮ জানুয়ারী ২০১৫)

(১৩১) আমরা যদি সঠিক অর্থে অহেতুক কথা এড়িয়ে চলতে সফল হতে পারি, তাহলে এটিই আল্লাহ পাকের (মহান) পুরস্কার।

(৮ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৮ জানুয়ারী ২০১৫)



www.dawateislami.net

(১৩২) এক দিনের শিশুর সাথেও তুই তুকার সুলভ আচরণ করবেন না।
(৮ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৮ জানুয়ারী ২০১৫)

(১৩৩) যে আপনার সাথে তুই তুকার করে অথবা বলে আপনি তার সাথে জী! আপনি করে কথা বলুন। (৮ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৮ জানুয়ারী ২০১৫)

(১৩৪) যদি কেউ সত্যিকারার্থে নেক আমল পুস্তিকার উপর আমল করে তাহলে সে নেক ও পরহেজগার হয়ে যাবে।
(৮ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ২৮ জানুয়ারী ২০১৫)

(১৩৫) গিয়ারভী ওয়ালা তথা গাউছে পাক رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِ এর হাতে হাত দিলে তিনি বারভী তথা **প্রিয় নবী** صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم পর্যন্ত পৌঁছিয়ে দিবেন।
(১০ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৩০ জানুয়ারী ২০১৫)

(১৩৬) পরকালের ক্ষেত্রে কবর হলো প্রথম ধাপ।
(১০ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৩০ জানুয়ারী ২০১৫)

(১৩৭) গুনাহ ঈমান হরণকারী হতে পারে এবং এর মাধ্যমে ঈমান হারানোর ঝুঁকি বৃদ্ধি পায়। (১০ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৩০ জানুয়ারী ২০১৫)

(১৩৮) গুনাহের রোগ শারীরিক রোগের চেয়েও মারাত্মক।
(১৬ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৫ ফেব্রুয়ারী ২০১৫)

(১৩৯) যার ছেলে বে আমল, তাকে ছেলের বেআমলের কারণে তিরস্কার করা তার মনে কষ্ট দেয়ারই নামান্তর।
(১৬ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৫ ফেব্রুয়ারী ২০১৫)

(১৪০) সবচেয়ে বড় বিপদ হচ্ছে কুফর ও শিরক।
(১৬ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৫ ফেব্রুয়ারী ২০১৫)

(১৪১) ডাক্তার ও দোকানদারদের নামাযের সময় তাদের দোকান ইত্যাদিতে একটি বোর্ড ঝুলিয়ে জামাআতে নামায করবে। এই বোর্ডে "নামাযের বিরতি" বাক্যটি সুস্পষ্টভাবে লিখে দিবে "আর তার নিচে লিখবে “আমি দাওয়াতে ইসলামীকে ভালোবাসি”।
(১৬ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৫ ফেব্রুয়ারী ২০১৫)



www.dawateislami.net

(১৪২) রাসূল প্রেমের স্বাদ স্থায়ী সম্পদ। (১৬ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৫ ফেব্রুয়ারী ২০১৫)

(১৪৩) তাহজ্জুদ আদায়কারীর চেহারায় নূর বিচ্ছুরিত হয়।

(১৬ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৫ ফেব্রুয়ারী ২০১৫)

(১৪৪) মসজিদের সাজসজ্জা লাইট দিয়ে নয়, বরং নামাযীর দ্বারা হয়।

(১৭ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৬ ফেব্রুয়ারী ২০১৫)

(১৪৫) সকল মানুষ যদি স্বল্প পরিমাণে বিদ্যুৎ ব্যবহার করে তাহলে সারা দেশে লোডশেডিং কমানো যেতে পারে।

(১৭ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৬ ফেব্রুয়ারী ২০১৫)

(১৪৬) যে আল্লাহ পাকের দরবারে মাথা নত করে, সে উচ্চ মর্যাদা লাভ করে। (১৭ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৬ ফেব্রুয়ারী ২০১৫)

(১৪৭) সকালের বিশেষ ফযীলত রয়েছে, আল্লাহ পাক সুবহে সাদেক থেকে সূর্যোদয় পর্যন্ত রিযিক বন্টন করেন।

(১৭ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৬ ফেব্রুয়ারী ২০১৫)

(১৪৮) মোবাইল ফোনকে যোগাযোগের যন্ত্র বানান, এটাকে বিনোদনের জন্য ব্যবহার করবেন না। বর্তমানে মোবাইল গুনাহের হাতিয়ার হয়ে গিয়েছে। (১৭ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৬ ফেব্রুয়ারী ২০১৫)

(১৪৯) যখনই কোন হাদীস বর্ণনা করেন তখন তাতে নিজের পক্ষ থেকে কোন শব্দাবলী যুক্ত করবেন না। (১৭ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৬ ফেব্রুয়ারী ২০১৫)


(১৫০) আবেগ প্রবণ মানুষ ভালো কাজ খুবই ভালোভাবে করে পক্ষান্তরে নেতিবাচক কাজ খুবই খারাপ ভাবে করে।

(১৭ রবিউস সানি ১৪৩৬ হিঃ, ৬ ফেব্রুয়ারী ২০১৫)



www.dawateislami.net

# আগামী সপ্তাহের পুস্তিকা





## মাকতাবাতুল মদীনার বিভিন্ন শাখা

হেড অফিস : ১৮২ আন্দরকিল্লা, চট্টগ্রাম। মোবাইল: ০১৭১৪১১২৭২৬

ফয়যানে মদীনা জামে মসজিদ, জনপথ মোড়, সায়েদাবাদ, ঢাকা। মোবাইল: ০১৯২০০৭৮৫১৭

আল-ফাতাহ্ শপিং সেন্টার, ২য় তলা, ১৮২ আন্দরকিল্লা, চট্টগ্রাম।

মোবাইল ও বিকাশ নং: ০১৮৪৫৪০৩৫৮৯

কাশারীপট্টি, মাজার রোড, চকবাজার, কুমিল্লা। মোবাইল: ০১৭৯৪৭৮১৩২৬

Email:- bdmaktabatulmadina26@gmail.com, banglatranslation@dawateislami.net,

Web: www.dawateislami.net